

## প্রধানমন্ত্রীর মার্কিন যুক্তরাষ্ট্র সফর (জুন ৭-৮, ২০১৬)

মাননীয় মার্কিন প্রেসিডেন্ট মি. বারাক ওবামার আমন্ত্রণে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদি ওয়াশিংটন ডিসি সফর করবেন জুন ৭-৮, ২০১৬।

ভারত-মার্কিন দ্বিপাক্ষিক স্ট্র্যাটেজিক্স পার্টনারশিপ মজবুতভাবে বিকশিত হয়েছে, বিশেষ করে বিগত দু'বছরে প্রধানমন্ত্রী মোদি এবং প্রেসিডেন্ট ওবামার নেতৃত্বে। প্রধানমন্ত্রীর আসন্ন সফরের মূল উদ্দেশ্য— অর্থনীতি, জ্বালানি, পরিবেশ, প্রতিরক্ষা এবং নিরাপত্তার মতো বিভিন্ন ক্ষেত্রে অগ্রগতি ঘটানো এবং ভবিষ্যতে সহযোগিতাকে জোরদার করা।

মার্কিন হাউস অফ রেপ্রেজেন্ট্যাটিভ্-এর স্পিকার মাননীয় মি. পল রয়ান মার্কিন কংগ্রেসের যৌথ অধিবেশনে বক্তব্য রাখার জন্য প্রধানমন্ত্রীকে আমন্ত্রণ জানিয়েছেন, যা তিনি গ্রহণ করেছেন। তিনি ২০১৬ সালে প্রথম বিদেশি নেতা যাঁকে এই সম্মান দেওয়া হবে। ভারত-মার্কিন স্ট্র্যাটেজিক্স পার্টনারশিপ-এর শক্তির উৎস মার্কিন কংগ্রেস এবং ইন্ডিয়া কংগ্রেসনাল ককাস মার্কিন কংগ্রেসে এধরণের বৃহত্তম গ্রুপ।

সফরকালে প্রধানমন্ত্রী বৈঠক করবেন প্রধান মার্কিন সংস্কার সিইও-দের সঙ্গে। আমাদের অর্থনৈতিক অংশীদারিত্বকে পুরোপুরি কার্যকর করা দুই দেশের কাছে প্রধান অগ্রাধিকার বলে বিবেচ্য এবং এই ক্ষেত্রে অর্জিত অগ্রগতি প্রতিফলিত হয়েছে বর্ধিত বিনিয়োগ প্রবাহে।

নয়াদিল্লি

মে ২০, ২০১৬